

■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৮৯

১/ পরিত্রতা ও তার সুন্নাতসমূহ (كتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৭. মিসওয়াকের বর্ণনা

بَاب السِّوَالِ

আরবী

حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ شُعَيْبٍ، حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي الْعَاتِكَةِ، عَنْ عَلَىٰ بْنِ يَزِيدَ، عَنِ الْقَاسِمِ، عَنْ أَبِي أُمَّامَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ "تَسْوَكُوا فِإِنَّ السِّوَالَ مَطْهَرٌ لِلْفَمِ مَرْضَاءٌ لِلرَّبِّ وَمَا جَاءَنِي جِبْرِيلُ إِلَّا أَوْصَانِي بِالسِّوَالِ حَتَّىٰ لَقَدْ خَشِيتُ أَنْ يُفْرَضَ عَلَىٰ وَعَلَىٰ أُمَّتِي وَلَوْلَا أَنِّي أَخَافُ أَنْ أَشْقَى عَلَىٰ أُمَّتِي لَفَرَضْتُهُ لَهُمْ وَإِنِّي لَأَسْتَاكُ حَتَّىٰ لَقَدْ خَشِيتُ أَنْ أُحْفِيَ مَقَادِيمَ فَمِي " .

বাংলা

৪/২৮৯। আবু উমামাহ (রাঃ) থেকে বণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা মিসওয়াক করো। কেননা মিসওয়াক মুখ পবিত্র ও পরিষ্কার করে এবং মহান প্রভুর সন্তুষ্টি লাভের উপায়। আমার কাছে যখনই জিবরীল (আলাইহি ওয়াসাল্লাম) এসেছেন তখনই আমাকে মিসওয়াক করার উপদেশ দিয়েছেন। শেষে আমার আশঙ্কা হয় যে, তা আমার ও আমার উম্মাতের জন্য ফরয করা হবে। আমি যদি আমার উম্মাতের জন্য কষ্টকর হওয়ার আশঙ্কা না করতাম, তাহলে তাদের জন্য তা ফরয করে দিতাম। আমি এত বেশি মিসওয়াক করিয়ে, আমার মাড়িতে ঘা হওয়ার আশঙ্কা হয়।

English

It was narrated from Abu Umamah that:

The Messenger of Allah said: "Use the tooth stick, for the tooth stick purifies the mouth and is pleasing to the Lord. Jibril never came to me but he advised me to use the tooth stick, until I feared that it would be made obligatory for me and my Ummah. Were it not that I fear that it would be too difficult for my Ummah, I would have enjoined it upon them. And I use the tooth stick until I fear that I may make the front of my mouth sore.' (i.e. my

gums) (or cause my teeth to fall out due to brushing them so often)."

ফুটন্টে

তাখরীজ কৃতুরুত সিত্তাহ: আহমাদ ২১৭৬৬। তাহকীক আলবানী: য়ঙ্গফ। তাখরীজ আলবানী: য়ঙ্গফ তারগীর ১৪৪,
তালীকুর রগীর ১/১০১, ১০২। উক্ত হাদিসের রাবী আলী বিন ইয়ায়ীদ সম্পর্কে ইমাম বুখারী বলেন, মুনকারুল
হাদিস ও দুর্বল। আহমাদ বিন হাস্বল বলেন, তাকে দুর্বল বলেছেন। ইয়াহইয়া বিন মাস্টন বলেন, তিনি দুর্বল। আবু
যুরআহ বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইমাম নাসাই
বলেন, তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য।

হাদিসের মান: য়ঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু উমামাহ্ বাহিলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=9999>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন